সিইপিআই প্রকল্পের প্রকাশনা
এপ্রিল-২০২২।। সংখ্যা-৩৬
চতুর্থ বছর

অধিকার বার্তা

COAST Foundation

জন অংশগ্রহণ | স্বচ্ছতা ও জবাবদিহিতা | বঞ্চিতদের অধিকার

কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছেন । মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় ও এফসিডিওর আর্থিক সহায়তায় সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে জন-অংশগ্রহণের ভিত্তিতে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রকাশ ও অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়

ফুলেল শুভেচ্ছায়স্বাগতজানানো হয় অনুষ্ঠানেআগতসন্মান্নীত অতিথিবৃন্দকে ছবিতে চেয়ারম্যান মাননীয় এমপি’কে ফুল দিয়ে বরণ করে নিচ্ছেন।

জন-অংশগ্রহণের ভিত্তিতে প্রণীত স্থানীয় সরকারের ইউনিয়ন পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রকাশ ও অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৫মার্চ২০২২লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ মাঠে অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে আগতঅতিথিরাস্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় পর্যায়ের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি ও স্থানীয় জনগোষ্ঠীর পারস্পরিক মতামত ও পর্যালোচনার ভিত্তিতে ইউনিয়ন পরিষদের গৃহীত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের রূপরেখা তৈরির উদ্দেশ্যে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আলহাজ্ব নুরুন্নবী চৌধুরী শাওন, মাননীয় সংসদ সদস্য-১১৭ (ভোলা-৩)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজাউল করিম চৌধুরী, নির্বাহী পরিচালক- কোস্ট ফাউন্ডেশন,অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহমেদ, চেয়ারম্যান,উপজেলাপরিষদ,লালমোহন,ভোলা।লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান,আলহাজ্ব মোঃ আবুল কাসেম মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভা সঞ্চালনা করেন প্রভাষক ইকবাল হোসেন জুলহাস।অনুষ্ঠানের মূল উদ্দেশ্য হলো লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা জনসম্মুখে উপস্থাপন, উপস্থাপিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা পর্যালোচনায় স্থানীয় জনগণ ও স্টেকহোল্ডারদের মতামত গ্রহণ এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সহযোগিতা এবং বরাদ্দ বৃদ্ধির অঙ্গিকার আদায়।অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্যে কোস্ট ফাউন্ডেশনের এম. এ হাসান বলেন, ইউনিয়ন পরিষদ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সর্বশেষ এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইউনিয়নের সামগ্রিক উন্নয়ন এবং জনগণের স্থানীয় চাহিদা মেটাতে স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় পর্যায়ের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি ও স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে সমন্বয় সাধন অত্যন্ত জরুরি । এই সমন্বয় সাধনের জন্য প্রয়োজন ইউনিয়নে সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ। পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনঅংশগ্রহণ তথা জনগণের মতামতের বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। পাড়া ভিত্তিক ক্ষুদ্র ক্ষুদ্র সভা ও প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ড উন্নয়ন পরিকল্পনা সভা ওয়ার্ড সভা মাধ্যমে স্থানীয় জনসাধারণ ও বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারদের মতামত নিয়ে পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে অগত সাধারণ নাগরিকদের মধ্য থেকে জোসনা রাণী বলেন, লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের ইউপি সদস্যদের সভাপতিত্বে উন্মুক্ত স্থানে ওয়ার্ড সভা করা হয়। সভায় এফজিডি হতে প্রাপ্ত প্রকল্প ও হত-দরিদ্রের তালিকা উন্মুক্ত করা হয় এবং উপস্থিত জনগণের মতামত শেষে তালিকা চূড়ান্ত করা হয়েছে। এখানেও জনপ্রতিনিধি, সাধারণ জনগোষ্ঠীর পাশাপাশি ওয়ার্ডের জনপ্রতিনিধি, শিক্ষক, রাজনৈতিক ব্যক্তিবর্গ, হত-দরিদ্রজন ও অন্যান্য স্টেকহোল্ডাররা এই প্রক্রিয়ার সাথে যুক্ত হয়েছে এবং তাদের মতামতের ভিত্তিতে অবকাঠামোগত ও নন-অবকাঠামোগত প্রকল্প গ্রহণ ও হত-দরিদ্রের তালিকার অগ্রাধিকার

নির্ধারণ করা হয়েছে। আমরা উক্ত পরিকল্পনা বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের সর্বাত্তক সহযোগিতা কামনা করছি।

কোস্টফাউন্ডেশনের সন্মানীত নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী বলেন, সুষ্ঠু স্থানীয় প্রশাসন ব্যতীত যেমন সুষ্ঠু আর্থিক ব্যবস্থা সম্ভব নয় তেমনি সুষ্ঠু আর্থিক ব্যবস্থা ছাড়া শক্তিশালী স্থানীয় প্রশাসন আশা করা যায় না। দায়িত্ব অনুযায়ী আয়ের পথ সুগম করতে ইউনিয়ন পরিষদকে কর আরোপ ও আদায়ের বিষয়ে বিশেষ নজর দিতে হবে এবং এই অর্থ থেকে জনগণ বিশেষকরে দরিদ্র মানুষের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে ভবিষ্যতে একটি প্রতিষ্ঠান নির্মাণ করার বিষয়ে অঙ্গীকার করেন।লালমোহনের বদরপুর ও লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নের করোনার প্রভাবে ঝড়ে পরা ছাত্রীদের মধ্যে থেকে ১০ জন করে মোট ২০ জনকে এক বছরের পড়া-লেখার খঁরচ কোস্ট বহন করবে বলেও অঙ্গীকার করেন। তিনি আরো বলেন, স্বাধীন ও স্বনির্ভর স্থানীয় সরকার কার্যকর হলেই উন্নয়ন হবে ত্বরান্বিত।জয়বাংলা ।

ভোলা জেলার প্রতিটি উপজেলায়১৮ টি করে সুপেয় পানি সংকট নিরসনে গভীর ডিপ টিউবওয়েল স্থাপনকরা হবে নির্বাহী প্রকৌশলী-জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ভোলা ।

গত ২১মার্চ'২০২২ জেলা নাগরিক ফোরাম এর আয়োজনে সুপেয় পানি পরিষেবার মান উন্নয়নে জেলা পর্যায়ে নাগরিক সংলাপ অনুষ্ঠিত হয়।সভায় বক্তারা সুপেয় পানির সংকট নিরসনে বরাদ্দ বাড়ানোর পাশাপাশি নলকূপের স্থান নির্বাচন প্রক্রিয়ায় জন অংশগ্রহণ অপরিহার্য বলে জানান ।জেলা নাগরিক ফোরামের সভাপতি নুরুল ইসলাম মিয়ার সভাপতিত্বে নির্বাহী প্রকৌশলীর সন্মেলন কক্ষে উক্ত সংলাপ আনুষ্ঠিত হয় ।উক্ত সংলাপে প্রধান আতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মাহামুদ খান-নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ভোলা । সভায় ভোলা জেলার ৩ টি উপজেলা হতে ১৪ জন নাগরিক ফোরাম প্রতিনিধি সহ জেলা নাগরিক ফোরামের জেলা পর্যায় হতে ৫ জন অংশগ্রহণ করেন ।সভায় বক্তাগণ বলেন ইউনিয়ন পর্যায়ে কিছু গভীর নলকূপ রয়েছে পানি উঠছেনা,আবার ইউনিয়নে পানি ব্যবস্থাপনা কমিটি গঠন ও তাদের প্রশিক্ষণ প্রয়োজন,টিউবওয়েল মেকানিক্সগণ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে আফিস না করা ,জনবল সংকট এর অভাবে সেবা বঞ্চিত হচ্ছে ইউনিয়নের প্রত্যন্ত প্রান্তিক জনগোষ্ঠী।সভায় লালমোহন সদর ইউনিয়নের নাগরিক কমিটির প্রতিনিধি হযরত আলী বলেন তাদের ইউনিয়নের গভীর নলকূপে লালপানি,বা ময়লাযুক্ত পানি উঠে,মেকানিক্স আছেন তবে তিনি খোজ খবর রাখেন না স্থানীয় জনের মতামত ইউনিয়নের আর্সেনিক পরীক্ষা করা জরুরি ।

অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন
আমি প্রথমেই কোস্ট ফাউন্ডেশন কে আন্তরিক মোবারকবাদ জানাই জনগুরুত্বপুর্ন বিষয়টি নিয়ে এত সুন্দর আয়োজন করার জন্য তিনি বলেন

নতুন নলকূপ মেকানিক্স যাদের নিয়োগ হয়েছে তারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র তাদের সহ বিভিন্ন ইউনিয়নে পানি ব্যবস্থাপনা কমিটি সহ প্রশিক্ষণ করানো প্রয়োজন তাই এ প্রশিক্ষণ অন্তত ২ দিনের বিভিন্ন ইউনিয়নের নাগরিক ফোরাম সহ কোস্ট ফাউন্ডেশন এর সিইপিআই প্রকল্প এর সহায়তায় যৌথ ভাবে করানো যায় কিনা প্রস্তাবনা প্রদান করেন ।ছবি:মো: সোহাগ হোসেন

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন-মার্চ২০২২

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	ওয়ার্ড নাগরিক কমিটির সভা	২৭	২৭
২	ইউনিয়ন দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভা	৩	৩
৩	ওয়ার্ড সচেতনেতা মুলক সভা	১৬	১৬
৪	ওয়ার্ড সভা	২০	২০
৫	সামাজিক নিরাপত্তা বিষয়ক ইউনিয়ন সংলাপ	৫	৫
৬	নবনির্বাচিত ইউপি সদস্যদের সবংর্ধনা অনুষ্ঠান	১	১
৭	ইউনিয়ন অগ্রাধিকার নির্ধারণসভা	১৪	১৩
৮	ইউনিয়ন উন্মুক্তবাজেট অধিবেশন	১	১
৯	উন্মুক্ত পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা সভা	১	১
১০	ইউনিয়নের কোভিড-১৯ এর ফলে হত দরিদ্র বা আর্থিক পর্যলোচনা জরিপ কার্যক্রম পরিচালনা	১	১
১১	ইউনিয়ন পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনার প্রকাশ	১৪	১৪
১২	নিরাপদ পানি বিষয়ক জেলা পর্যায়ে সংলাপ	১	১
১৩	প্রকল্পের ভিডিও ডকুমেন্টারি	১	১

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: মোবাইল: ০ ১৭০৮ ১২ ০৪ ০৭

ইমেইল: fazlu@coastbd.net কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। কোস্ট ওয়েবসাইট ভিজিট : www.coastbd.net.COAST has Special Consultative Status with the UNECOSOC